

মাননীয় উপদেষ্টা



জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদ

মাননীয় উপদেষ্টা

শিক্ষা মন্ত্রণালয়

জন্ম ১৯৪৮ সন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক। শিক্ষা জীবনে মাধ্যমিক থেকে মাস্টার্স পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম স্থান অর্জন করেন এবং কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি বিদেশে অনেক গবেষণা ও শিক্ষকতার ভিজিটিং পদে ছিলেন এবং জাতিসংঘের 'কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি' কমিটির সদস্য এবং সেখানে শিক্ষা বিষয়ক উপকমিটির নেতৃত্ব দেন। তিনি অনেকগুলো আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক-এর কাজের সঙ্গে যুক্ত ছিলেন, যার মধ্যে আছে লন্ডন স্কুল অব ইকনমিক্স-এর ইন্টারন্যাশনাল গ্রোথ সেন্টার (২০০৯-২০১৯), গ্লোবাল ডেভেলপমেন্ট নেটওয়ার্ক-এর বোর্ড সদস্য এবং ইউরোপীয় গবেষণা নেটওয়ার্ক সিইআরপি-এর গ্রোথ রিসার্চ উপদেষ্টা পর্ষদের সদস্য (২০২১ সন থেকে)। তিনি বাংলাদেশ ব্যাংক-এর পরিচালনা পর্ষদের সদস্য ছিলেন (১৯৯৩-২০০৮) এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন-এর অন্যতম প্রতিষ্ঠাতা ও ২০০৮ সন পর্যন্ত চেয়ারম্যান-এর দায়িত্ব পালন করেন। ১৯৯৬ সনের তত্ত্বাবধায়ক সরকারের অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা অর্থনৈতিক নানা বিষয়ে তাঁর অসংখ্য আন্তর্জাতিক প্রকাশনা আছে। তাঁর রচিত সাম্প্রতিক বইগুলোর মধ্যে আছে মার্কেটস, মরালস এন্ড ডেভেলপমেন্ট (টেইলর এবং ফ্রান্সিস, ইউকে, ২০১৭) এবং থিওরী এন্ড প্র্যাকটিস অব মাইক্রোক্রেডিট (রুটলেজ, ইউকে, ২০২১)।